

ভারপ্রাপ্ত সম্পাদক
গোলাম মোর্তোজা

সহকারী সম্পাদক
জব্বার হোসেন

শিল্প নির্দেশক
কনক আদিত্য

ইভেন্ট সমন্বয়কারী
সাশা মানসুর চৌধুরী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

আলোকচিত্রী
সালাহ উদ্দিন টিটো
শ্রাবণ রেজা

প্রদায়ক
মিশায়েল আহম্মাদ
সাইমন মোহসিন, নুসরাত জাহান
হাসান নিটোল, মিজান রহমান

গ্রাফিক ডিজাইনার
হাবিবুর রহমান

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্টার্ন রোড,
ঢাকা-১০০০

পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪

ই-মেইল : info@shaptahik2000.info
editor@shaptahik2000.info

সাপ্তাহিক ২০০০-এর বিনোদন
ক্রোড়পত্র হিসেবে
মাহফুজ আনাম
কর্তৃক মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ থেকে
প্রকাশিত ও ট্রান্সক্রাফট লিঃ
২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.info



সম্পাদকীয়

১০ বর্ষ ২৭ সংখ্যা ১৬ নবেম্বর ২০০৭

ম্যাসাজ। সৌন্দর্যের অন্যতম নিয়ামক হিসেবে দুনিয়াজুড়ে স্বীকৃত। সেই হাওয়া এসে
লেগেছে এখন আমাদের দেশেও। ফলে এখানেও সৌন্দর্যের নতুন মাত্রা যোগ হয়েছে।
সেই সঙ্গে যুক্ত হয়েছে স্পা। ম্যাসাজ ও স্পা নিয়ে এবারের বিনোদন ২০০০-এ বিস্তারিত।
ভ্রমণ, রাশি, অপরপক্ষ, অন্যজীবনসহ অন্যান্য নিয়ামিত বিভাগ তো থাকলই।
বিনোদন ২০০০, সাপ্তাহিক ২০০০-এর পাক্ষিক বিনোদন প্রয়াস আলাদা বিক্রির জন্য
নয়।

সূচিপত্র



প্রচ্ছদের ছবি : তুহিন হোসেন
মডেল : নীলা

৪ ম্যাসাজ

৮ ভ্রমণ

১১ ফ্যাশন

১৩ অন্যজীবন

১০ অপরপক্ষ

১৪ রাশি

তারকাকথন

‘আহা!’ ছবির প্ল্যানিংটা খুব ভালো ছিল

সাথী ইয়াসমিন

সাপ্তাহিক ২০০০ : বেশ কিছু দিন পর আবার আপনাকে ‘আহা!’ ছবিতে দর্শক দেখতে পেল। এতদিন
কাজের বাইরে ছিলেন কেন?

সাথী ইয়াসমিন : আসলে আমি যখন ভালো কাজ পাই তখন সেটা করি। ভালো কাজ না পেলে তো
বাইরে থাকাই স্বাভাবিক। এতদিনে ভালো কাজ পাইনি বলে করা হয়নি। তবে আমি হয়তো বছরে একটা
দুইটার বেশি কাজ করব না।

২০০০ : ‘আহা!’র সঙ্গে কেন এবং কীভাবে যুক্ত হলেন?

সাথী : এনামুল করিম নির্বাহ আমাকে স্ক্রিপ্ট দিলেন। স্ক্রিপ্টটা পড়ে আমার চরিত্রটাকে খুব বাস্তবধর্মী
মনে হয়েছে। এমন একটা চরিত্র ফুটিয়ে তুলতে পারব কিনা প্রথমে এমন দ্বিধা থাকলেও পরে সিদ্ধান্ত
নিলাম কাজটি করব।

২০০০ : ‘আহা!’তে আপনি অভিনয় করেছেন। পরে যখন দর্শক হিসেবে দেখলেন তখন
কেমন লাগল?

সাথী : ভালো লেগেছে। ‘আহা!’তে আমি অনেক বড়মাপের আর্টিস্টদের সঙ্গে অভিনয়
করেছি। ওনাদের মধ্যেও যে দর্শক আমাকে মনে রেখেছে সেটাই আমার প্রাপ্তি।

২০০০ : এখন কি চলচ্চিত্রে নিয়ামিত হবেন?

সাথী : ভালো ছবির অফার পেলে করব, নইলে করব না। বড় স্ক্রিনে আমার নিজেকে
দেখতে ভালো লাগে তাই সিনেমা করা হয়। মডেলিংয়ের সঙ্গে যুক্ত হওয়ার ইচ্ছা আপাতত নেই।

২০০০ : নির্মাতা হিসেবে এনামুল করিম নির্বাহকে কীভাবে মূল্যায়ন করবেন?

সাথী : ‘আহা!’ ছবির প্ল্যানিংটা খুব ভালো ছিল। প্রত্যেকটা দৃশ্য তিনি ডিটেইল করেছেন।
কাজটা অনেক পরিশ্রম করে করেছেন। বাস্তবিকই যা চাচ্ছিলেন করতে পেরেছেন। এই হিসেবে
তিনি সফল।

২০০০ : আপনার ব্যক্তিগত জীবন সম্পর্কে...

সাথী : বাবার ব্যবসা দেখছি। সেখানে এমডি পদে আছি। বিয়ের ব্যাপারে এখনো কোনো
পরিকল্পনা নেই। আমি আসলে কোনো কাজ পরিকল্পনা করে করি না।